পঙ্গু হাসপাতালের আইসিইউতে আগুন

written by Chandradip News24 | January 8, 2025

ঢাকার শের-এ-বাংলা নগরের জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠানে (নিটোর) আইসিইউতে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে। মঙ্গলবার (৭ জানুয়ারি) রাত সোয়া ১০টার দিকে ফায়ার সার্ভিস আগুন লাগার খবর পায়।

ফায়ার সার্ভিস সদর দপ্তরের ডিউটি অফিসার মো. শাহজাহান আলী জানান, রাত ১০টা ১৮ মিনিটে অর্থোপেডিক বিভাগের আইসিইউতে আগুন লাগে। খবর পেয়ে ফায়ার সার্ভিসের দুটি ইউনিট দ্রুত ঘটনাস্থলে পৌঁছায়। তবে এরই মধ্যে হাসপাতালের কর্মী ও উপস্থিত লোকজনের সহায়তায় আগুন নিভিয়ে ফেলা হয়।

এ অগ্নিকাণ্ডের কারণে আইসিইউতে থাকা রোগীদের স্থানান্তরের বিষয়ে বিস্তারিত কিছু জানা যায়নি। ফায়ার সার্ভিস সূত্র জানিয়েছে, আগুন লাগার কারণ তাৎক্ষণিকভাবে নিশ্চিত করা যায়নি।

এ ঘটনায় কেউ হতাহত হয়েছে কি না বা আইসিইউর যন্ত্রপাতি কতটা ক্ষতিগ্রস্ত হয়েছে, তা তদন্তের পর জানা যাবে বলে সংশ্লিষ্টরা জানিয়েছেন।

পঙ্গু হাসপাতালের মতো স্পর্শকাতর প্রতিষ্ঠানে এমন ঘটনা রোগী ও স্বজনদের উদ্বিগ্ন করেছে। অনেকেই প্রশ্ন তুলেছেন আইসিইউর মতো গুরুত্বপূর্ণ জায়গায় অগ্নিনির্বাপণ ব্যবস্থা কতটা প্রস্তুত ছিল।

প্রশাসনের পক্ষ থেকে অগ্নিকাণ্ডের সঠিক কারণ নির্ণয় এবং এর পুনরাবৃত্তি ঠেকাতে দ্রুত ব্যবস্থা নেওয়ার আশ্বাস দেওয়া হয়েছে।

মো: তুহিন হোসেন,
স্টাফ করেসপন্ডেন্ট, চন্দ্রদ্বীপ নিউজ ২৪ ডট কম